দামুড়হুদা উজিরপুর যুবসমাজের আয়োজনে বিজয় দিবস পালন

দামুড়হুদা উজিরপুর মহান বিজয় দিবস উপলক্ষে যুবসমাজের আয়োজনে দিন ব্যাপী খেলাধুলা, পুরস্কার বিতরণ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকাল ৯ টার সময় উজিরপুর আচমকা স্টেডিয়াম মাঠে প্রথমে সকল শহীদের আত্মার মাগফেরাত কামনায় পুষ্পস্তবক অর্পণ করা হয়।

দামুড়হুদা সদর ইউনিয়নের ১নং ওয়ার্ড বিএনপির সভাপতি জামাল মোল্লার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহবায়ক একরামুল হক। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, আজ ১৬ই ডিসেম্বর মহান বিজয় দিবস। শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান স্বাধীনতার ঘোষক। স্বাধীনতা ঘোষণার পর দীর্ঘ ৯ মাসের রক্তক্ষয়ী যুদ্ধের মাধ্যমে বাংলাদেশ লাল সবুজের পতাকা অর্জন করে। পৃথিবীর মানচিত্রে বাংলাদেশ তার স্থান করে নেই। আজ আমরা বাংলাদেশের স্বাধীন দেশের স্বাধীন নাগরিক। সকল শহীদদের জানায় বিনম্র শ্রদ্ধা।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির দপ্তর সম্পাদক ফয়জুল ইসলাম,উপজেলা বিএনপির সদস্য মো: মজিবার রহমান, সদর ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক গোলাম কবির, সদর ১ নং ওয়ার্ড বিএনপির সিনিয়র সহ-সভাপতি ফরজ আলী, সাধারণ সম্পাদক বদর উদ্দিন মাল, সদস্য রবিউল ইসলাম রবি, দামুড়হুদা সদর ১ নং ওয়ার্ড ইউপি সদস্য লিয়াকত আলী জোয়ার্দার।বিএনপি নেতা মো: হাইদার আলী, সোনালী ব্যাংকের সিনিয়র অফিসার মো: আব্দুল আলিম, বিএনপি নেতা আছের আলী, সাবেক থানা বিএনপির সদস্য আমির হোসেন, ওয়ার্ড বিএনপির নেতা সিরাজুল ইসলাম, বাবলু বিশ্বাস।

দামুড়হুদা উপজেলা ছাত্রদলের সিনিয়র যুগ্ম আহবায়ক ইনজামামুল হক এর সঞ্চালনায় এসময় আরও উপস্থিত ছিলেন, সদর ইউনিয়ন জামায়াতে ইসলামীর সাবেক সেক্রেটারি আজিজুল হক, বিশিষ্ট ব্যক্তিত্ব রোকনুজ্জামান, উপজেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহবায়ক মো: জাহিদুল ইসলাম, যুগ্ম আহবায়ক জাহিদুর রহমান, যুগ্ম আহবায়ক রকিবুল হাসান তোতা, উপজেলা যুবদল নেতা হেলাল উদ্দিন, শরিফুল ইসলাম, মো: রাকিবুল ইসলাম, উপজেলা ছাত্র দলের যুগ্ম আহবায়ক আব্দুর রহিম। উপজেলা

ছাত্র দলের সদস্য মাহমুদউল্লাহ ফিরোজ, শরিফ উদ্দিন।

অনুষ্ঠানে মোট ২০ টি ইভেন্টে প্রায় ২০০ জন প্রতিযোগি অংশ গ্রহণ করে। শেষে বিজয়ী প্রতিযোগিদের মাঝে প্রধান অতিথি ও আমন্ত্রিত অতিথিদের হাত দিয়ে পুরস্কার বিতরণ করা হয়।

আলমডাঙ্গায় উপজেলা ও পৌর বিএনপির বিজয় দিবস পালন

মহান বিজয় দিবস উপলক্ষে আলমডাঙ্গা উপজেলা ও পৌর বিএনপির উদ্যোগে নানান কর্মসূচি পালন করা হয়েছে। শনিবার সকালে বিএনপি নেতাকর্মিরা আলমডাঙ্গায় বিজয় দিবসের জাতীয় পতাকা উত্তোলন, র্যালি, শহীদ মাজারে পুষ্পমাল্য অর্পণ ও ফাতেহা পাঠ এবং শহীদ জিয়া শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকাল ৯টায় পৌর এলাকার ফায়ার সার্ভিস সংলগ্ন এলাকা থেকে র্যালিটি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে শহীদ মাজারে পুস্পস্তবক অর্পণ করেন। পরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য ও আলমডাঙ্গা পৌর বিএনপির সভাপতি আজিজুর রহমান পিন্টু।

উপজেলা বিএনপির সহসভাপতি আক্তার হোসেনের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য ও পৌর বিএনপির সাধারণ সম্পাদক জিল্লুর রহমান ওল্টু, সাবেক কেন্দ্রীয় যুব নেতা এমদাদুল হক ডাবু।

এছাড়া উপস্থিত ছিলেন আলমডাঙ্গা পৌর বিএনপির সহ-সাধারণ সম্পাদক মহাবুল হক মাস্টার, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক আলি আজগর সাচ্চু, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক গোলাম মোস্তফা বিশ্বাস, সহ-সাধারণ সম্পাদক রমজান আলী, ডাউকি ইউনিয়ন বিএনপির সভাপতি আবদার আলী, বেলগাছি ইউনিয়ন বিএনপির সভাপতি আমজাদ আলী, নাগদাগ ইউনিয়ন বিএনপির সভাপতি বোরহান উদ্দীন, খাসকররা ইউনিয়ন

বিএনপির সভাপতি আব্দুর রশিদ, কুমারি ইউনিয়ন বিএনপির সভাপতি রকিবুল ইসলাম, ভাংবাড়িয়া ইউনিয়ন বিএনপির সভাপতি টিপু সুলতান, খাদেমপুর ইউনিয়ন বিএনপির সভাপতি শেরেগুল ইসলাম, সাধারণ সম্পাদক সালাম মেম্বার, শাহিনুজ্জামান, রাজাবুল ইসলাম, আবু বক্কর সিদ্দিক, আলমগীর হোসেন লালন, আতাউল হুদা, শফিকুল ইসলাম, পলাশ। হাফিজুর রহমান তোতা, আব্দুল জব্বার, সালেহ মাসুদ লিপু আমিরুল ইসলাম পান্নু, আরজান আলী, আবুল হক মিঠু।

আলমডাঙ্গা উপজলা যুবদলের সাধারণ সম্পাদক রকিবুল ইসলাম, পৌর যুবদলের সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম কনক, যুবদলের যুগ্নআহবায়ক সাইফুল ইসলাম, হাফিজুর রহমান।

উপজেলা ছাত্রদলের সভাপতি জাহিদ হাসান শুভ, সাধারণ সম্পাদক ইমরান রাসেল, পৌর ছাত্রদলের সভাপতি আতিক হাসনাত রিংকু, রাজু আহমেদ, আলমডাঙ্গা সরকারি কলেজ ছাত্রদলের সাধারণ সম্পাদক জাহাঙ্গীর হোসেন লিমন, পৌর মৎস্য দলের সাধারণ সম্পাদক ফিরোজ হোসেন। এছাড়াও বিজয় দিবসের র্যালি ও আলোচনা সভায় উপজেলা, পৌর, ইউনিয়ন বিএনপির অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

দর্শনা পৌরসভায় বিজয় দিবস পালন উপলক্ষে প্রস্তুতি সভা

মহান বিজয় দিবস১৬ ই ডিসেম্বর পালনের লক্ষে দর্শনা পৌরসভায় প্রস্তুতি মৃলক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বেলা ১২ টার দিকে দর্শনা পৌরসভার আয়োজনে দর্শনা পৌরসভার হল রুমে অনুষ্টিত প্রস্তুতি সভার সভাপতিত্ব করেন, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু।

অনুষ্টানে প্রধান অতিথী হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা সরকারী কলেজের সাবেক উপধাক্ষ্য মোশারফ হোসেন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা সরকারি কলেজের প্রভাষক

আশরাফুল আলম, দর্শনা থানার ওসি তদন্ত নিরব হোসেন, বীর মুক্তিযোদ্ধা এরশাদ আলী মাষ্টার, বীর মুক্তিযুদ্ধা মহাসিন আলী।

দর্শনা পৌর প্যালেন মেয়র রবিউল হক সুমনের উপস্থাপনায় আরও উপস্থিত ছিলেন দর্শনা রেল বাজার দোকান মালিক সমিতির সভাপতি টিপু সুলতান,দর্শনা গনউন্নয়ন গ্রন্থগারের পরিচালক আবু সুফিয়ান,পৃর্ব রামনগরের প্রধান শিক্ষক হারুন অর রশিদ,দর্শনা পৌরসভার কর্মকর্তা কর্মচারী বৃন্দ প্রমুখ।

দর্শনায় যথাযথ মর্যাদায় বিজয় দিবস পালন

বিজয়ের লাল ছুঁয়ে যাক মহাকাল।মহান বিজয় দিবসের সুবর্ণ জয়ন্তী উপলক্ষে দর্শনা পৌরসভার আয়োজনে যথাযথ মর্যাদায় মহান বিজয় দিবস পালিত হয়েছে।

শুক্রবার ১৬ ডিসেম্বর সকাল ৮ টায় দর্শনা পৌর আওয়ামীলীগ, বিএনপি-সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, সরকারী-বেসরকারী সংস্থা, রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক সংগঠন, থিয়েটার গ্রুপ ও পেশাজীবি ২৮টি সংগঠন দর্শনা কলেজ মাঠে বিজয় দিবসের নানা কর্মসুচি পালন করেছেন।

এসব কর্মসূচির মধ্যে ছিলো, সকাল সাড়ে ৮টায় দর্শনা কলেজ মাঠে নিজ নিজ সংগঠনের ব্যানার নিয়ে উপস্থিতি। সকাল ৯টায় জাতীয় সংগীতের সাথে জাতীয় পতাকা ও মুক্তিযুদ্ধের পতাকা উত্তোলন করেন বীর মুক্তিযোদ্ধা ও দর্শনা পৌর আ.লীগের সহ সভাপতি রুস্তম আলী,বীর মুক্তিযোদ্ধা কমরেড শহিদুল ইসলাম । জাতির জনক বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পমাল্য অর্পন। উপস্থিত বীর মুক্তিযোদ্ধাদের ফুলেল শুভেচ্ছা প্রদান।

এরপর উপস্থিত সকল সংগঠনের সদস্যদের শফত বাক্য পাঠ করান বীর মুক্তিযোদ্ধা জয়নাল আবেদীন। শফত বাক্য পাঠ শেষে প্রত্যেক সংগঠন এক সাথে র্যালী করে দর্শনা শহরের প্রধান প্রধান সড়ক প্রদিক্ষন

আহম্মেদ ও সাধারন সম্পাদক মাসুদুর রহমান, সহ-সভাপতি মোস্তাফিজুর রহমান, সহ-সম্পাদক খবির উদ্দিন, কেরুজ উচ্চ বিদ্যালয় ও প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সহ সহকারী শিক্ষকবৃন্দরা।

পরে কেরুজ ক্লাবমাঠে মুক্তিযুদ্ধো ও দেশ স্বাধীনতা লাভের বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা সহ সংক্ষিপ্ত আলোচনার করা হয়। এসময় উপস্থিত ছিলেন, মহা-ব্যাবস্থাপক (অর্থ) মুহম্মদ সাইফুল ইসলাম, মহা- ব্যাবস্থাপক (ডিষ্ট্রিলারী) ফিদা হাসান বাদশা, মহা-ব্যবস্থাপক (কারখানা) সুমন কুমার সাহা,উপ-ব্যবস্থাপক (অর্থ) শেখ জাবেদ হাসান, উপ-ব্যবস্থাপক (প্রশা ও প্রশি) মাসুদ রেজা, প্রমুখ। এছাড়াও দিনব্যাপী ব্যাপক কর্মসূচির মধ্যদিয়ে দিবসটি উদযাপন করা হয়েছে।

কর্মসূচির মধ্যে রাত ১২টা ১ মিনিটে চিনিকল মুক্তিযোদ্ধা কমান্ড ও শ্রমিক কর্মচারী ইউনিয়নের ৩৩বার তোপধ্বনী, বিদ্যালয় ছাত্র-ছাত্রীদের মিষ্টি বিতরণ, মসজিদ, গীর্জা ও মুন্দিরে প্রার্থনা,হাসপাতাল রোগীদের ফলমূল বিতরণ, চিনিকল কর্মকর্তা, শ্রমিক-কর্মচারী ও মুক্তিযোদ্ধাদের মধ্যে প্রীতি ভলিবল প্রতিযোগীতা সহ বিভিন্ন প্রতিযোগীতা ও পুরুস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

এছাড়া বিজয় দিবসে কেরুজ জেনারেল অফিস, ডিষ্টিলারী কারখানা, কেরুজ ক্লাব ও ইউনিয়ন অফিস আলোকসজ্জা করা হয়েছে। সবশেষে সন্ধায় কেরুজ ক্লাব মাঠে সাংস্কৃতিক সন্ধার আয়োজন করা হয়।